



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা,
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
<http://dpe.mymensinghdiv.gov.bd>



নম্বর: ৩৮.৪৫.০০০০.০০০.২৭.০৪১.২০.১৪৮

তারিখ: ২ চৈত্র ১৪২৭
১৬ মার্চ ২০২১

অফিস আদেশ

আপনি জনাব হাবিবুর রহমান, প্রধান শিক্ষক, মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়, শ্রীবরদী, শেরপুর জেলায় কর্মরত
আছেন;

আপনি বিগত বিগত ১৮.০৯.২০১৯ খ্রি: তারিখ বিকাল ০৪:০০টার দিকে উপজেলা শিক্ষা অফিসার, শ্রীবরদী এর অফিস
কক্ষে বিদ্যালয় পরিদর্শন বিষয়ে আলোচনার সময় উপস্থিত ছিলেন এবং জনাব আমান উল্লাহ, প্রধান শিক্ষক এর কথায়
আপনি ক্ষদ্ধ হয়ে তাচ্ছিল্যপূর্ব ভাবে জবাব দিয়েছেন;

জনাব আমান উল্লাহ, প্রধান শিক্ষক এর ব্যঞ্জার্থক জবাবের প্রেক্ষিতে আপনি পুনরায় কটুক্তি করেন ও উভয়ের
মধ্যে কথা কাটাকাটি শুরু করেন এবং উভয়ের মধ্যে কথা কাটাকাটি থেকে বের হয়ে সহকর্মী হুমায়ুন কবীরকে ডেকে নিয়ে
একসাথে আমান উল্লাহ কে গালিগালাজসহ হট্টগোলা শুরু করেছেন;

আপনি উপজেলা শিক্ষা অফিসারের অফিস কক্ষে তারই উপস্থিতিতে অন্য প্রধান শিক্ষকের সাথে কটুক্তিপূর্ণ আচরণ
করেছেন, যা সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর ৩(খ) ধারা মোতাবেক অসদাচরণের সামিল;

আপনি বিগত ১৮.০২.২০২১ খ্রি: তারিখে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলার জবাব দাখিল করেছেন এবং
প্রতিপক্ষের সাথে কটুক্তি না করে লিখিত অভিযোগ দাখিল করেছেন;

উভয়ের মধ্যে কথা কাটাকাটি থেকে বের হয়ে সহকর্মী হুমায়ুন কবীরকে ডেকে নিয়ে একসাথে আমান উল্লাহ কে
গালিগালাজসহ হট্টগোলা করেন নাই বরং হুমায়ুন কবীর আপনাকে গালিগালাজসহ বিভিন্ন হুমকী প্রদর্শন করেছেন;

আপনি সকল শিক্ষকের উপস্থিতিতে অভিযোগের বিষয়টি উভয় পক্ষের মধ্যে আপোষ মিমাংসা করার জন্য
২৪.০২.২০২০ খ্রি: দিন ধায় করেছিলেন;

আপনার প্রতিপক্ষ জনাব মো: আমান উল্লাহ, প্রধান শিক্ষক বিগত ২৩.০২.২০২০ খ্রি: তারিখ হঠাৎ মৃত্যুবরন করেছেন;

আপনার নিকট থেকে প্রাপ্ত বিভাগীয় মামলার জবাব, তদন্তকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন, উপস্থিতি স্বাক্ষীগণের
লিখিত বক্তব্যসহ সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে কর্তৃপক্ষ ভবিষ্যতের জন্য সতর্কসহ অভিযোগের দায় হতে অব্যাহতি
দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করেছেন।


এমতাবস্থায়, সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর ৩ (খ) ধারার অভিযোগের জন্য
সতর্কসহ মামলার দায় হতে অব্যাহতি প্রদান করা হলো।

১৬-৩-২০২১

মোঃ আনোয়ার হোসেন
উপপরিচালক

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পরিচালক (পলিসি ও অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ২) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের কার্যালয়, শেরপুর
- ৩) শিক্ষা কর্মকর্তা, বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ (উক্ত আদেশটি অত্র কার্যালয়ের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৪) উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, শ্রীবরদী, শেরপুর
- ৫) জনাব মো: হাবিবুর রহমান, প্রধান শিক্ষক, শ্রীবরদী মডেল সপ্রাবি, শ্রীবরদী, শেরপুর



১৬-৩-২০২১

মোঃ আনোয়ার হোসেন

উপপরিচালক